

**3 (Sem-5/CBCS) BEN RG 1**

**2 0 2 1**

( Held in 2022 )

**BENGALI**

Paper : BEN-RG-5016

( Regular Generic )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। শুদ্ধ উত্তরটি বেছে লেখো :

১×১০=১০

(ক) জাপানে কী খাওয়া হয় ?

( উচ্চিমের চচ্চড়ি / ফড়িঙের ঘণ্ট /  
ইঁদুরের রোষ্ট / আরশোলার গুপ্পি )

(খ) 'নাচের বাতিক' ছড়ায় বুড়োর বয়স কত ছিল ?

( বিরিশি / পঁচাশি / সাতাশি / অষ্টাশি )

(গ) “দেখছি এখন জীবনটা তোর \_\_\_\_\_ বৃথা।”

শূন্যস্থানের শব্দটি হল—

( বারো আনাই / ষোল আনাই /  
চারি আনাই / অষ্ট আনাই )

( 2 )

- (ঘ) বুদ্ধদেবের জন্ম কোথায় হয়েছিল ?  
( কাশীতে / কপিলাবস্তুতে / বারাণসীতে /  
সারণাথে )
- (ঙ) জন্মগ্রহণের পর বুদ্ধদেব পৃথিবীর উপর প্রথম কত পা  
হেঁটেছিলেন ?  
( নয় পা / সাত পা / পাঁচ পা / তিন পা )
- (চ) বুদ্ধদেব কোন্ বংশে জন্মগ্রহণ করেন ?  
( শাক্যবংশে / মৌর্যবংশে / চন্দ্রবংশে / সূর্যবংশে )
- (ছ) সিদ্ধার্থের ছেলের নাম কী ?  
( দেবল / রাহুল / নালক / সোয়ান্তি )
- (জ) ষষ্ঠীর আসল কাজ কী ছিল ?  
( লোককে গুম করা / লোককে খুন করা /  
লোককে লক্ষ করা / লোককে সেবা করা )
- (ঝ) ষষ্ঠীর অচেনা ছেলের নাম কার বাড়ির খোঁজ করছিল ?  
( সনাতন বাঁড়ুই / সিদ্ধেশ্বর সাঁতরা /  
কানাই সামন্ত / রতনলাল বাঁড়ুজ্যে )
- (ঞ) হাবুলদের বাড়ির বুড়ো দারোয়ানের নাম কী ?  
( বেণুগোপাল / রামরিখ / রাম সিং / ভজুয়া )

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

- (ক) রামদুলালের বিশ্বস্ত দুই প্রজার নাম লেখো।
- (খ) 'বিষম চিন্তা' ছড়াটিতে দুটি পশুকে নিয়ে কী প্রশ্ন  
জেগেছিল ?

22A/360

(Continued)

( 3 )

- (গ) বিশ্বিসার কোথাকার রাজা ছিলেন? সিদ্ধার্থ সেই রাজ্যে  
কোথায় আশ্রয় নিয়েছিলেন?
- (ঘ) “আমি কুকুরদের একটু-একটু বশ করতে পারি।” কে,  
কাকে একথা বলেছিল?
- (ঙ) আংটি চুরির জন্য ষষ্ঠী কী ফন্দি এঁটেছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো চারটির উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- (ক) বুড়োর নাচের নেশার কারণ ব্যক্ত করো।
- (খ) ঠাকুরদাদার চশমা হারিয়ে যে ছলছল পরিবেশ সৃষ্টি  
হয়েছিল তার বর্ণনা দাও।
- (গ) বুদ্ধদেবের জন্মের পূর্বে তাঁর মা কী স্বপ্ন দেখেছিলেন?  
গণকারণেরা সেই স্বপ্নের ফল গণনা করে কী  
বলেছিলেন?
- (ঘ) “যেন খাঁচার পাখি আর বনের পাখি।” কাদের, কেন  
‘খাঁচার পাখি’ ও ‘বনের পাখি’র সঙ্গে তুলনা করা  
হয়েছে, সংক্ষেপে লেখো।
- (ঙ) হাবুলের দাদুর অতীতের ইতিহাস এবং ভাগ্য পরিবর্তনের  
কাহিনি বর্ণনা করো।
- (চ) ষষ্ঠীর অচেনা যে ছেলের নাম কুমোরপাড়ায় এসেছিল সেই  
ছেলের নাম লেখো।

৪। (ক) ‘জীবনের হিসাব’ ছড়াটির মূল বক্তব্য নিজের ভাষায়  
বর্ণনা করো। ১০

অথবা

- (খ) তোমার পাঠ্যতালিকাজুড়ে ‘খাই-খাই’ গ্রন্থটি অবলম্বনে  
শিশুসাহিত্যিক হিসেবে সুকুমার রায়ের কৃতিত্ব আলোচনা  
করো।

22A/360

(Turn Over)

৫। (ক) নালক কীরূপে বুদ্ধদেবের জীবনকাহিনির সঙ্গে যুক্ত হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

১০

অথবা

(খ) বুদ্ধদেবের ভপস্যায় কে, কীভাবে বিয়্য ঘটতে চেয়েছিল তা বিশদভাবে বুঝিয়ে লেখো।

৬। (ক) 'হীরের আংটি' উপন্যাসের নামকরণ কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো।

১০

অথবা

(খ) 'হীরের আংটি' উপন্যাসে হাবুলের ছোটকাকার ভূমিকা আলোচনা করো।

৭। (ক) 'খাই-খাই' ছড়াটিতে যে বিচিত্র খাদ্যতালিকা দেওয়া হয়েছে তা লিপিবদ্ধ করো।

১০

অথবা

(খ) "ছবি-আঁকিয়ে অবনীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচনায় বিভিন্ন বর্ণনাতেও অসাধারণ ছবিই ফুটিয়ে তুলেছেন, যা শিশুমনকে তথা পাঠককেও এক রূপকথার জগতে নিয়ে যায়—যা এক অনাস্বাদিতপূর্ব রসে বিভোর করে তোলে।" তোমার পাঠ্যতালিকাভুক্ত 'নালক' গ্রন্থ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

\*\*\*